করোনার দ্বিতীয় ঢেউ: নতুন করে বিধিনিষেধের ইঙ্গিত স্বাস্থ্যমন্ত্রীর

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ নিয়ন্ত্রণে বিয়ে, ওয়াজ মাহফিল, পিকনিকসহ বেশ কিছু বিষয়ে বিধিনিষেধ আরোপের ইঙ্গিত দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। এর মধ্যে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি- এসব এলাকায় যাওয়া-আসা বন্ধ করার কথাও বলেছেন তিনি।

জাহিদ মালেক বলেন, ‘দেশে করোনা সংক্রমণ দিন দিন বাড়ছে। আমরা যদি স্বাস্থ্যবিধি না মানি তাহলে আমাদের দেশের অনেক ক্ষতি হবে। এর অন্যতম কারণ আমাদের হাসপাতালগুলোতে এতো জায়গা নেই। কোথায় চিকিৎসা হবে, কে চিকিৎসা দেবে এত মানুষকে?’

রবিবার (২৮ মার্চ) রাতে জাহিদ মালেক গণমাধ্যমকে বলেন, দিন দিন মানুষের জীবনযাত্রা স্বাভাবিক হতে শুরু করেছে। কেউই স্বাস্থ্যবিধি মানছে না। করোনা তো বাড়বেই। দেশে বিভিন্ন টাইপের লকডাউনের ঘোষণা আসতে পারে। এর মধ্যে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি এলাকায় যাওয়া-আসা বন্ধ করা হতে পারে। বিয়ে, অনুষ্ঠান, ওয়াজ মাহফিল, পিকনিকসহ জনসমাগম হয় এমন সব অনুষ্ঠানে বিধিনিষেধ আসতে পারে।’ তিনি আরও যোগ করেন, আজ সোমবার থেকে দেশের সব পর্যটন এলাকা বা স্পটে লকডাউনের ঘোষণা আসতে পারে।

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেন, সারাদেশে একবারে লকডাউনের চিন্তা করছে না সরকার। তবে স্বাস্থ্য অধিদপ্তরের কারিগরি কমিটি মনে করছে, লকডাউনের সিদ্ধান্ত নেয়ার সময় এসেছে।

মন্ত্রণালয়ে পাঠানো প্রস্তাবে বলা হয়েছে, সম্ভব হলে কমপ্লিট লকডাউনে যেতে হবে। সম্ভব না হলে অর্থনৈতিক ভারসাম্য রেখে যে কোনো জনসমাগম বন্ধ করতে হবে।

গত জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে দেশে করোনাভাইরাসের সংক্রমণ হার কমে এসেছিল; কিন্তু মার্চের শুরু থেকে তা আবার দ্রুত বাড়ছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, রবিবার সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় দেশে ৩ হাজার ৯০৮ জনের মধ্যে করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে; মৃত্যু হয়েছে আরও ৩৫ জনের।

দেশে এ পর্যন্ত শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৫ লাখ ৯৫ হাজার ৭১৪ জনে। তাদের ৮ হাজার ৯০৪ জনের মৃত্যু হয়েছে।